

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
বাজেট শাখা  
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৫.১৯-২৫৬

তারিখ ০২ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০১৯ খ্রি:

প্রেরকঃ মোঃ ফজলুর রহমান  
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,  
শিক্ষা মন্ত্রণালয়  
৪৫, পুরানাপল্টন, ঢাকা।

আদিষ্ট হয়ে, মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের আলোকে 'বিজয় ফুল উৎসব' সুষ্ঠুভাবে সম্পন্ন করার ব্যয় নির্বাহের লক্ষ্যে মহানগর পর্যায়ের প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অধীন এবং উপজেলা পর্যায়ের প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ১৪/১১/২০১৯ তারিখ ৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৫.১৯-২২৩ নং স্মারকে জারীকৃত জি.ও. এর মাধ্যমে অর্থ ছাড় করা হয়েছে। কিন্তু বাংলাদেশ শিক্ষাতথ্য পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক প্রেরিত তালিকা অনুযায়ী ডুলবশত: খুলনা জেলার অধীন বাটিয়াঘাটা উপজেলার ৩৩টি প্রতিষ্ঠান উপজেলার পরিবর্তে মহানগর পর্যায়ে এবং দৌলতপুর থানার ১৯টি প্রতিষ্ঠান মহানগর পর্যায়ের পরিবর্তে উপজেলা পর্যায়ে জারীকৃত জি.ও.তে উল্লেখ করা হয়।

উল্লেখ্য, iBAS++ এ বাটিয়াঘাটা উপজেলার ৩৩টি প্রতিষ্ঠানের জন্য উপজেলা পর্যায়ের হিসাবে ধরে ৬৬,০০০/- টাকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে এবং দৌলতপুর থানার ১৯টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য মহানগর পর্যায়ের হিসাবে ধরে ৯৫,০০০/- টাকা জেলা প্রশাসক, খুলনা এর অনুকূলে ছাড় করা হয়েছে। এক্ষেপে বাটিয়াঘাটা উপজেলার ৩৩টি শিক্ষা প্রতিষ্ঠান উপজেলা পর্যায়ে এবং দৌলতপুর থানার ১৯টি প্রতিষ্ঠান মহানগর পর্যায়ে অন্তর্ভুক্ত করে বাটিয়াঘাটা উপজেলার ৩৩টি প্রতিষ্ঠানের জন্য (৩৩×২,০০০/-)=৬৬,০০০/- (ছেষট্টি হাজার) টাকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে এবং দৌলতপুর থানার ১৯টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য (১৯×৫,০০০/-)=৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে নির্দেশক্রমে ছাড় করা হল।


শর্তসমূহ :

- ক। এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- খ। বরাদ্দকৃত এ অর্থ চলতি ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুকূলে "১২৫০১-১২৫০১০১১০৭৯৫২-৩২৫৭৩০১- অনুষ্ঠান/উৎসবাদি" খাতে সমন্বিত হবে;
- গ। অব্যয়িত অর্থ আগামী ৩০ জুন, ২০২০ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- ঘ। এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

০২। ১৬ অক্টোবর ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বাটিয়াঘাটা উপজেলার স্বীকৃতি প্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জন্য ২,০০০/- (দুই হাজার) টাকা করে উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাটিয়াঘাটা এর অনুকূলে এবং দৌলতপুর থানার স্বীকৃতি প্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে জেলা প্রশাসক, খুলনা এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হল।

০৩। মহানগর ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত অথচ মহানগরীর মধ্যে অবস্থিত নয় অথবা উপজেলা/থানা পর্যায়ে অবস্থিত এরূপ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের বিপরীতে ২,০০০/- (দুই হাজার) টাকা করে প্রদান করতে হবে।

০৪। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১১/১১/২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১০২.২০.০৩২.১৭-৬৮২ নং স্মারকে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন- ৯৫১২২০৫

ই-মেইল: moebudgetsection@gmail.com

Go

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৫.১৯-২৫৬

তারিখ ০২ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০১৯ খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক, খুলনা।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ ও জেলা প্রশাসকদের ই-মেইল করার অনুরোধসহ)।
৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাটিয়াঘাটা, খুলনা।
১০. বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, খুলনা বিভাগ, খুলনা।
১১. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খুলনা।
১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাটিয়াঘাটা, খুলনা।
১৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বাটিয়াঘাটা, খুলনা।

(মোঃ ফজলুর-রহমান)  
সিনিয়র সহকারী সচিব